গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১১.১৭-২৯৫ তারিখ: ০৮.০৩.২০১৮ খ্রি.

## সরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের নিবন্ধন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের গত ২২/০২/২০১৮ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০০৩.১৮. ০০৫.১৭-২৩৮নং এবং তারিখ: ০৮.০৩.২০১৮ খ্রি.তারিখের নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১১.১৭-২৬৬নং স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে,

ক) সরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত ব্যক্তিগণের মধ্যে ১৬০৭৩ ক্রমিক পর্যন্ত হজযাত্রীগণ নির্বাচিত প্যাকেজের অবশিষ্ট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে নিবন্ধন সম্পন্ন করবেন। এজন্য, হজযাত্রীগণ মাহরামসহ একইসঙ্গে হজে যাওয়ার জন্য নিবন্ধন ফরম পূরণ করে ইউডিসি, ইসলামিক ফাউন্ডেশন, জেলা প্রশাসকের কার্যালয় বা হজ অফিস, ঢাকার মাধ্যমে নিবন্ধন ভাউচার তৈরী করতে পারবেন। যদি কেউ আলাদা ফ্লাইটে সফর করতে চান তাহলে অবশ্যই আলাদাভাবে নিবন্ধন করবেন। প্রাক-নিবন্ধনের সময়ে জমাকৃত ২৮০০০/- (আটাশ হাজার) টাকা সমন্বয় করে ২০১৮ সনের হজ প্যাকেজ-১ এর হজযাত্রীদের অবশিষ্ট **৩,৬৯,৯২৯/-(তিন লক্ষ উনসত্তর হাজার নয়শত উনত্রিশ)** টাকা এবং হজ প্যাকেজ-২ এর হজযাত্রীদের **৩,০৩,৩৫৯/-(তিনলক্ষ তিন হাজার তিনশত উনষাট)** টাকা সোনালী ব্যাংক লি:, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকার **০০০২৬৩৩০০০৯০৮** (Sale proceeds of Hajj Deposit) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উক্ত একাউন্টে জমা প্রদান করতে হবে। যে সব ব্যক্তি ২০১৫, ২০১৬ ও ২০১৭ সনে হজ করেছেন অথবা হজ ভিসা প্রাপ্ত হয়েছিলেন কিন্তু হজে গমন করেননি তাঁদের মধ্যে যারা ২০১৮ সনে পুনরায় হজ করবেন তাদের জন্য রাজকীয় সৌদি সরকার কর্তৃক আরোপিত ভ্যাটসহ অতিরিক্ত চার্জ সৌদি রিয়াল ২,১০০ (দুই হাজার একশত) সমপরিমাণ ৪৬,৯৩৫/- (ছেচল্লিশ হাজার নয়শত পয়ত্রিশ) অর্থও পরিশোধ করতে হবে এবং একই ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। এছাড়াও রাজকীয় সৌদি সরকার কর্তৃক যে কোন চার্জ আরোপিত হলে তা পরিশোধ করতে হবে।

খ) ই-হজ ব্যবস্থাপনার সাথে সমন্বয়ের জন্য সরকারি হজযাত্রীগণের পাসপোর্ট স্ক্যান করে নিবন্ধন তথ্য পূরণ করতে হবে। সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীগণ পাসপোর্ট বিষয়ে হজ প্যাকেজ ১৪৩৯ হিজরি/২০১৮খ্রিস্টাব্দ এর ৪.১ অনুচ্ছেদ অনুসরণ করবেন।

গ) সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের হজগাইডের জন্য জারীকৃত বিজ্ঞপ্তি এবং হজগাইড বাছাই ও কর্মপরিধি সংক্রান্ত নির্দেশিকা অনুসরণ করতে হবে।

ঘ) প্রাক-নিবন্ধনের প্রাথমিকভাবে নির্ধারিত ক্রমিকের মধ্যে যারা নিবন্ধন করবেন না তারা ২০১৮ খ্রি. সনের হজে গমনে আগ্রহী নন মর্মে পরিগণিত হবে এবং তাদের জন্য জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রিস্টাব্দ এর ৩.১.৯ অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। নিবন্ধনের কোটা পুরণ না হলে জাতীয় হজ ও ওমরাহ নীতির ১৪৩৯ হিজরি/২০১৮খ্রিস্টাব্দ এর ৩.১.৮ অনুযায়ী প্রাক নিবন্ধনের পরবর্তী ক্রমিক হতে ক্রমানুযায়ী নির্ধারিত কোটা পূরণ করা হবে।

ঙ) ২০১৮ সনের হজ প্যাকেজ অনুযায়ী হজযাত্রীদের নিবন্ধন কার্যক্রম আগামী **১৮ মার্চ, ২০১৮ খ্রি.** পর্যন্ত চলমান থাকবে।

০৮/৩/১৮

এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ফোন : ৯৫৮৪৩২২

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১১.১৭-২৯৫ তারিখ: ০৮.০৩.২০১৮ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সিনিয়র সচিব/সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ.......................................................................।
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৬. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, এক্সেস টু ইনফরমেশন (a2i) (দ: আ: প্রধান সমন্বয়ক, ইউনিয়ন ডিজিটাল সেন্টার), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
১০. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. ডিআইজি, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা।
১৪. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৫. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
১৬. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,.......................................................................ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
১৭. যুগ্মসচিব (সকল)........................................................ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. রেজিস্ট্রার জেনারেল, জন্ম মৃত্যু নিবন্ধন, সচিবালয় লিঙ্করোড, ঢাকা।
১৯. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
২০. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব।
২১. জেলা প্রশাসক (সকল).......................................................................................।
২২. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
২৩. পুলিশ সুপার, (সকল).......................................................................................।
২৪. পরিচালক, রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৫. সিভিল সার্জন (সকল).......................................................................................।
২৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৭. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
২৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..........................................................................।
২৯. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩০. মাননীয় সভাপতির একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩১. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩২. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)..........................................................।
৩৩. কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা/জেদ্দা, সৌদি আরব।
৩৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।
৩৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি হজের ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৩৬. জনাব -----------------------------------------------------------------------------------------।

০৮/৩/১৮

এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)
ফোন: ৯৫৮৪৩২২